যুগান্তর

তারিখ ..20 NOV 2017....
পৃষ্ঠা ..১৫.. কলাম ....১ ......

# শিল্পের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সংযোগ থাকা জরুরি

**যুগান্তর রিপোর্ট**

শিল্পায়নের জন্য প্রয়োজনীয় দক্ষ ব্যবস্থাপক ও জনবলের চাহিদা পূরণে বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে শিল্পকারখানার কার্যকর সংযোগ থাকা জরুরি বলে মনে করছেন দেশের বিশিষ্টজনরা। তারা বলছেন, এটা করতে হলে শিল্পের চাহিদা, গতিপ্রকৃতি ও আন্তর্জাতিক বাজারের ওপর গবেষণা চালিয়ে বিশ্ববিদ্যালয়গুলোতে উদ্যোক্তা ও জনবল সৃষ্টিতে সহায়ক পাঠদান নিশ্চিত করতে হবে। যার মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়গুলো থেকে শিক্ষিত গ্রাজুয়েটরা যোগ্য ব্যবস্থাপক ও উদ্যোক্তা হিসেবে গড়ে উঠবে। একই সঙ্গে দেশের শিল্পায়ন প্রক্রিয়ায় দক্ষ জনসম্পদ হিসাবে তারা কার্যকর অবদান রাখতেও সক্ষম হবে। রোববার বিশ্ব উদ্যোক্তা সপ্তাহ উপলক্ষে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি আয়োজিত পাঁচ দিনব্যাপী অনুষ্ঠানমালার সমাপনী দিনে বক্তারা এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. ইউসুফ এম ইসলাম, বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের সাধারণ সম্পাদক মুনির হাসান, গ্লোবাল এন্টারপ্রেনারশিপ নেটওয়ার্কের কান্ট্রি হোস্ট সোহায়েল চৌধুরী, এন্টারপ্রেনারশিপ বিভাগের প্রধান মোহাম্মদ শিবলী শাহরিয়ার, ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টারের পরিচালক আবু তাহের খান বক্তব্য রাখেন। শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেন, বাংলাদেশের চাকরি বাজারে কারিগরি পদে বিস্তর কর্মসংস্থানের সুযোগ থাকলেও এ খাতে দক্ষ ও উপযুক্ত ডিগ্রিধারী প্রার্থীর তীব্র সংকট রয়েছে। এর ফলে প্রতি বছর বাংলাদেশ থেকে দক্ষ মানবসম্পদ খাতে ছয় বিলিয়ন মার্কিন ডলার বাইরে চলে যাচ্ছে। বর্তমান সরকার দেশব্যাপী কারিগরি জ্ঞানে দক্ষ ও অভিজ্ঞ জনবল তৈরির লক্ষ্যে তৃণমূল পর্যায়ে বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচি জোরদার করেছে। উল্লেখ্য, ড্যাফোডিল ইউনিভার্সিটির ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টার এবং বাংলাদেশ ভেঞ্চার ক্যাপিটাল লিমিটেড যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। মেলায় বাংলাদেশে উদ্যোক্তা উন্নয়ন শীর্ষক আলোচনা সভা, দেশের প্রতিভাবান তরুণদের মাঝে ব্যবসা প্রস্তাবনা প্রতিযোগিতা, স্টার্টআপ ফেয়ার, ডিজিটাল মার্কেটিং, বিপণন কৌশল ও ধারণাবিষয়ক কর্মশালা, ভেঞ্চার ক্যাপিটাল পলিসি এবং প্রসিডিউর বিষয়ক সেমিনার, মহিলা উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক আলোচনা, বুট ক্যাম্প, উদ্যোক্তা সম্মেলন ইত্যাদির আয়োজন করা হয়।